শানিবি সার্কুলার নং-০৮/২০২০ তারিখ: ২২.০৯.২০২০

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" নামীয় স্কিম চালু প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

রাকাবে "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" নামীয় একটি স্কিম চালু থাকলেও সরকারের সাম্প্রতিক নির্দেশনার আলোকে ব্যাংকের সুদহার পুনঃনির্ধারণ করার প্রেক্ষাপটে স্কিমটি জুলাই-২০২০ থেকে বন্ধ আছে। মাঠ পর্যায়ে এ ধরণের আমানত স্কিমের চাহিদা থাকায় স্কিমটি পরিবর্তিত সুদহারের সাথে সামঞ্জস্য রেখে মুজিববর্ষে নতুনভাবে নতুন আঙ্গিকে চালু করণের নিমিত্ত পর্ষদ সভায় উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদের ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৫১৯ তম সভায় "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" নামীয় স্কীমটি অনুমোদিত হয়।

০২। এ আমানত স্কীমের রূপরেখা হবে নিম্নরূপ:

(১) স্কীমের নাম	: "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)"
(২) স্কীমের মেয়াদকাল	: ০৩ (তিন) বছর।
(৩) এককালীন আমানতের পরিমাণ	: সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও এর গুণিতক।
(৪) মুনাফার হার	: বার্ষিক ৬.৯০% (সরল)।

০৩। উদ্দেশ্য: সাধারণ মানুষকে সঞ্চয়ে উৎসাহিত করার লক্ষ্যে ভবিষ্যত আর্থিক নিশ্চয়তা ও কল্যাণ সাধনের মাধ্যমে ব্যাংকের আমানত বৃদ্ধি।

০৪। "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত নিয়মাবলীঃ-

ক. প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে/যৌথ নামে এ স্কীমের আওতায় ব্যাংকের নির্ধারিত অভিন্ন হিসাব খোলার ফরমের মাধ্যমে মাসের যে কোন কর্মদিবসে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যে কোন শাখায় একই ব্যক্তির নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন;

খ. হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর যথাযথ/পূর্ণাঙ্গ পরিচিতি প্রদানের জন্য জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদ/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি প্রদান করতে হবে;

গ. গ্রাহকের যদি টিআইএন সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় টিআইএন সার্টিফিকেট জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

ঘ. হিসাব খোলার ফরমে মেয়াদকাল ও এককালীন জমার পরিমাণ (অংকে ও কথায়) স্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে; কোন রূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;

ঙ. অভিভাবকের সাথে ১৮ বছরের কম বয়সী শিশু/কিশোর যৌথভাবে এ হিসাব খুলতে পারবেন;

চ. গঠনতন্ত্র (Bye-law), সংঘ স্মারক (Articles of Association) এবং পরিচালনা কমিটির সিদ্ধান্তক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামেও এই হিসাব খোলা যাবে;

ছ. হিসাব খোলার সময় গ্রাহককে পৃথক একটি কার্ডে ৩টি নমুনা স্বাক্ষর প্রদান করতে হবে;

জ. ব্যক্তি নামে কোনভাবেই নমিনিবিহীন হিসাব খোলা যাবে না।

ক্রমশ: পাতা-০২

০৫। নমিনি মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলী:

ক. আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে তাঁর হিসাবের নমিনি নিযুক্ত করতে পারবেন। একাধিক নমিনি হলে নমিনির অংশও তিনি নির্ধারণ করতে পারবেন/করে দিবেন। নমিনি/নমিনিগণের পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ আমানতকারী কর্তৃক সত্যায়িত হতে হবে;

খ. নাবালক বা নাবালিকাকেও নমিনি নিয়োগ করা যাবে। এই ক্ষেত্রে নাবলক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যুর পর আমানতের অর্থ কে গ্রহণ করতে পারবেন তদসম্পর্কে তিনি লিখিতভাবে নির্দেশ প্রদান করতে পারবেন। অন্যথায় প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে;

গ. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার মনোনয়ন বাতিল করে নতুন নমিনি মনোনয়ন করতে পারবেন;

ঘ. আমানতকারীর জীবদ্দশায় মনোনীত ব্যক্তির মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল হিসেবে গণ্য হবে। সেই ক্ষেত্রে আমানতকারী পুনরায় নতুন নমিনি মনোনীত করবেন;

ঙ. কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনি/নমিনিগণ হিসাবের অর্থ হিস্যা অনুযায়ী প্রাপ্য হবেন। এই ক্ষেত্রে Succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন হবে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে;

চ. আমানতকারীর মৃত্যু হলে নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

১. নমিনি/নমিনিদের/মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) এর আবেদনপত্র;
২. আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র (Death Certificate);
৩. শাখার দুইজন ভাল হিসাবধারী বা দুইজন গেজেটেড অফিসার বা ব্যাংকের দুইজন অফিসার বা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/কমিশনার কর্তৃক নমিনি/নমিনিবৃন্দের বা নাবালকসহ (যদি থাকে) মনোনীত অভিভাবকের সনাক্তকরণ পত্র;
৪. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
৫. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবক কর্তৃক শাখার একজন ভাল হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড।

০৬। নবায়ন:

ক. হিসাবধারী আবেদন করে মেয়াদান্তে পরবর্তী একই মেয়াদের জন্য উক্ত আমানত নবায়ন করতে পারবেন;

খ. যদি হিসাবধারী মেয়াদপূর্তিতে শাখায় যোগাযোগ না করেন তবে মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে আমানতটি পরবর্তী একই মেয়াদের জন্য নবায়নযোগ্য হিসেবে গণ্য হবে (স্কীম চালু থাকা সাপেক্ষে)।

০৭। মুনাফা প্রদান পদ্ধতি:

ক. প্রতিটি হিসাবে মাসিক ভিত্তিতে সুদ (সরল) প্রদেয় হবে;

খ. মাসিক প্রদেয় সুদ নির্ধারিত তারিখে আমানতকারীর শাখায় রক্ষিত সঞ্চয়ী/চলতি হিসাবের মাধ্যমে প্রদেয় হবে;

গ. প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মাসিক মুনাফার পরিমাণ হবে ২৮৮/- টাকা। তবে বিধি মোতাবেক সরকারি ভ্যাট/ট্যাক্স ও আবগারী শুল্ক কর্তন করতে হবে। মূল টাকা থেকে আবগারী শুল্ক কর্তন করা যাবে না;

ঘ. ০৩ (তিন) বছর পূর্ণ মেয়াদান্তে অর্থাৎ হিসাবটি যে তারিখে খোলা হবে মেয়াদান্তে সে তারিখের পরবর্তী কর্মদিবসে হিসাবধারীর আবেদনের প্রেক্ষিতে হিসাবের টাকা (সরকারি ট্যাক্স কর্তনপূর্বক, যদি থাকে) প্রদানযোগ্য হবে।

০৮। মেয়াদ পূর্তির পূর্বে হিসাব বন্ধ/নগদায়ন:

ক. হিসাবধারী লিখিত আবেদনের মাধ্যমে এ মেয়াদী আমানত হিসাব বন্ধ/নগদায়ন করতে পারবেন;

খ. হিসাব খোলার ৬ মাসের মধ্যে বন্ধ/নগদায়ন করা হলে হিসাবধারী কেবলমাত্র জমাকৃত মূল অর্থ হতে মাসিক ভিত্তিতে উত্তোলনকৃত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট টাকা ফেরত পাবেন;

গ. হিসাব খোলার ৬ মাস পর কিন্তু ৩ বছরের কম সময়ে অপরিণত হিসাব বন্ধ করার ক্ষেত্রে সঞ্চয়ী হিসাবে প্রযোজ্য হারে সুদ প্রদান করতে হবে। এরূপ ক্ষেত্রে ইতোপূর্বে প্রদত্ত মুনাফা যদি প্রাপ্য মুনাফার অতিরিক্ত হয়ে থাকে তবে হিসাব বন্ধ করার সময় প্রদত্ত অতিরিক্ত মুনাফা আদায়যোগ্য হবে;

ঘ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে নমিনির আবেদনের পরিপ্রেক্ষিতে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি চালু রাখা যাবে। মেয়াদপূর্তিতে নমিনি হিসাবের টাকা প্রাপ্য হবেন। নমিনি নাবালক হলে নমিনির অভিভাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন;

ঙ. মেয়াদপূর্তির পূর্বে আমানতের বিপরীতে ঋণ রেখে যদি হিসাবধারী মৃত্যুবরণ করেন, সেক্ষেত্রে মেয়াদপূর্তি পর্যন্ত আমানতের হার (অর্থাৎ ৬.৯০%) অনুযায়ীই হিসাবের উপর লভ্যাংশ প্রদেয় হবে এবং ঋণের ক্ষেত্রে নির্ধারিত হারে সুদ আরোপপূর্বক ঋণ সমন্বয় করে অবশিষ্ট টাকা নমিনি/অভিভাবককে প্রদান করতে হবে;

চ. যদি হিসাবধারী এবং নমিনি উভয়ই হিসাবের মেয়াদপূর্তির পূর্বে মৃত্যুবরণ করেন সেক্ষেত্রে মেয়াপূর্তি শেষে হিসাবধারীর উত্তরাধীকারী/উত্তরাধীকারীগণ অংশ মোতাবেক হিসাবধারীর ঋণ বকেয়া থাকলে ৬ নং ক্রমিকের 'ঙ' অনুযায়ী এবং ঋণ না থাকলে ৬ নং ক্রমিকের 'ঘ' অনুযায়ী হিসাবের টাকা প্রাপ্য হবেন।

ক্রমশ: পাতা-০৩

০৯। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

আপদকালীন সময়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবের স্থিতি লিয়েন রেখে শুধুমাত্র হিসাবধারীর অনুকূলে এককালীন/SOD আকারে ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে-

ক. হিসাবের বিপরীতে ঋণ বিতরণ করা যাবে;

খ. হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০% ঋণ হিসাবে প্রদানযোগ্য হবে;

গ. ঋণের মেয়াদকাল: সর্বোচ্চ ০১ (এক) বছর (নবায়নযোগ্য);

ঘ. ঋণের উদ্দেশ্য: উৎপাদনমুখী কর্মকান্ডে/ব্যক্তিগত প্রয়োজনে এই ঋণ প্রদান করা যাবে;

ঙ. ঋণ বিতরণ পদ্ধতি: মঞ্জুরীকৃত ঋণ এককালীন বিতরণযোগ্য;

চ. মঞ্জুরী ক্ষমতা: শাখা ব্যবস্থাপক;

ছ. সুদের হার: হিসাবের মুনাফার হারের ৩% অধিক (সুদ হার পরিবর্তনযোগ্য), সুদ ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে আরোপযোগ্য;

জ. পরিশোধ পদ্ধতি: বিতরণের তারিখ থেকে ০১ (এক) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য অথবা সুদ পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র মূল ঋণ নবায়নযোগ্য;

ঝ. দলিল পত্রাদি সম্পাদন:

১. আবেদন ফরম;
২. ডিমান্ড প্রমিসরি (DP) নোট;
৩. লেটার অব লিয়েন কাম অথরিটি (৩০০/- টাকার আঠালো স্ট্যাম্পে);
৪. লেটার অব ডিসবার্সমেন্ট;
৫. আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।

❖ **শুধুমাত্র সুদের টাকা নিয়ে মূল ঋণ নবায়নের ক্ষেত্রে /SOD ঋণের ক্ষেত্রে অতিরিক্ত নিম্নোক্ত ০২ (দুই) টি দলিল সম্পাদন করতে হবে:**

১. লেটার অব কন্টিনিউটি (DP নোট স্ট্যাম্পের হারে);
২. রিভাইভাল লেটার (DP নোট স্ট্যাম্পের হারে)।

ঞ. ঋণ স্থিতি সীমা: ঋণের স্থিতি কোনক্রমেই আমানতের ৯০% এর অতিরিক্ত হতে পারবে না। উক্ত সীমা অতিক্রমের প্রাক্কালে আমানতের উপর প্রদেয় মাসিক সুদ হিসাবধারীর সঞ্চয়ী হিসাবে জমা না করে হিসাবধারীর ঋণ হিসাবে জমা করতে হবে।

১০। হিসাবায়ন পদ্ধতি:

- যে সকল শাখায় CBS System চালু হয়নি অর্থাৎ যে সকল শাখা এখনও Infinity Banking Solution (IBS) সফটওয়্যার দ্বারা পরিচালিত হচ্ছে সে সকল শাখার জন্য "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" এর ম্যানুয়াল হেড/কোড হবে নিম্নরূপ:

ক্র.নং	বিবরণ	হিসাব খাত	সিবিএস প্রক্রিয়ায় হিসাবের ক্রমিক নম্বর	সিবিএস প্রক্রিয়ায় হিসাবের কোড/নম্বর
০১.	"রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)"	২৩৪	৯০১০০০০০০৪৭	৯০১০২০৪০০৯০০১
০২.	"রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" এর সুদ	১৩৩/৩৭ (K)	৯০৪০০০০০১১২	৯০৪০১০৩০০১০৩৭
০৩.	"রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" এর সুদ প্রভিশন	প্রযোজ্য নহে	৯০১০০০০০১২০	৯০১০৪০১০০৬০৩৭

- CBS System দ্বারা পরিচালিত শাখাসমূহে CBS বাস্তবায়নের জন্য প্রণীত Chart of Accounts অনুযায়ী "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" হিসাবের জন্য নিম্নোক্তভাবে হিসাবখাত ও প্রোডাক্ট কোড ব্যবহার করতে হবে:

Name of Accounts	Account Serial	Account Number	Totalling Accounts	Product Code
"রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)"	৯০১০০০০০০৪৭	৯০১০২০৪০০৯০০১	৯০১০০০০০০৪৬	৩৩৮
Interest on "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)"	৯০৪০০০০০১১২	৯০৪০১০৩০০১০৩৭	৯০৪০০০০০০৮৩	
Interest Provision of "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)"	৯০১০০০০০১২০	৯০১০৪০১০০৬০৩৭	৯০১০০০০০০৯১	

ক্রমশ: পাতা-০৪

১১। হিসাব খোলার ফরম ও জমা স্লিপ:
ক. হিসাব খোলার ফরম: বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট অভিন্ন হিসাব খোলার ফরমে হিসাব খুলতে হবে;
খ. জমা স্লিপ: বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদের মাধ্যমে এই হিসাব খুলতে হবে। রশিদের গায়ে মেয়াদ (৩ বছর মেয়াদী) উল্লেখপূর্বক **"রাকাব মাসিক মুনাফা স্কিম"** হিসাব এবং সুদ হার সুস্পষ্টভাবে সীলমোহরকৃত হতে হবে।

১২। ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে শাখাসমুহ কর্তৃক উপযুক্ত দর্শনীয় স্থানে ব্যানার ও বোর্ড স্থাপন এবং পোষ্টার ও লিফলেটের মাধ্যমে এই স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনগণকে উদ্বুদ্ধ করণের নির্দেশনা দেয়া হলো।

১৩। এমতাবস্থায়, উপরোল্লিখিত বিধি বিধান ও নির্দেশাবলীর আলোকে নতুন আঙ্গিকে এবং স্বল্প সুদে (৬.৯০%) ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" এর আওতায় হিসাব খোলার কার্যক্রম সার্কুলার জারির তারিখ হতে কার্যকর করা হলো এবং শাখাসমূহকে যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করা হলো। নির্দেশ পালনে কোন প্রকার গাফিলতি পরিলক্ষিত হলে শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে এই স্কীমের আওতায় হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে পরিপত্রে বর্ণিত নিয়ম যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখার পরামর্শ দেয়া হলো।

১৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

22/07/2020

(মোঃ মহববত আলী বিশ্বাস)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-০৮(৪৯)/২০২০-২০২১/৫৭৩(৪৫৯) তারিখ: ২২.০৯.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

22/07/2020

(মোঃ রাশেদুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা